দৈনিক সংবাদ

তারিখ .. 27 OCT 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম .. ৬ ...

19

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# শিক্ষক নিয়োগ ও পদোন্নতির ক্ষেত্রে অনিয়ম

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৬শে অক্টোবর।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক বিভিন্ন কাজে চরম অনিয়ম, পক্ষপাতিত্ব ও দলীয়করণ বিরাজ করছে। শিক্ষক নিয়োগ ও পদোন্নতির ক্ষেত্রেই বর্তমানে সবচেয়ে বেশি অনিয়ম চলছে। বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট কয়েকটি সূত্র একথা জানায়।

অভিযোগ পাওয়া গেছে, যোগ্যতার পরিবর্তে জামাত–শিবিরের রাজনীতির প্রতি সমর্থনই নয়া নিয়োগ বা পদোন্নতির প্রধান মাপকাঠি হিসেবে গণ্য করা হচ্ছে। কিছুদিন আগে পরিসংখ্যান বিভাগের প্রভাষক পদে এমএসসি পরীক্ষায় প্রথম শ্রেণীতে প্রথম ও

শিক্ষক ঃ পৃঃ ১২ কঃ ৩

## শিক্ষক ঃ অনিয়ম চলছে

( ১ম পৃষ্ঠার পর )

বিএসসি সম্মান পরীক্ষায় প্রথম শ্রেণীতে তৃতীয় স্থান অধিকারী একজন প্রার্থীকে বাদ দিয়ে তারচেয়ে কম যোগ্যতাসম্পন্ন একজন প্রার্থীকে নিয়োগদান করা হয়েছে। তিনি বিশ্ববিদ্যালয় জামাত নেতা ডঃ হাফিজুল্লাহ খানের পুত্র এবং ছাত্রশিবিরের একজন প্রথম কাতারের নেতা।

সূত্র জানায়, উপাচার্যের নিজের বিভাগে জামাত–শিবির সমর্থক দু'জন প্রার্থীকে প্রফেসর পদে পদোন্নতি দেয়া হয়েছে, যাদের ঐ পদের জন্য প্রয়োজনীয় যোগ্যতার অভাব রয়েছে। প্রাচ্যভাষা বিভাগে এমন একজনকে সহযোগী হিসেবে পদোন্নতি দেয়া হয়েছে যার বিরুদ্ধে অর্থ সংক্রান্ত দুর্নীতির একাধিক অভিযোগ তদন্তাধীন আছে। তিনি এনডিপি রাজনীতির সঙ্গে সক্রিয়ভাবে জড়িত।

বিশ্ববিদ্যালয় সিনেট, সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিলসহ অন্যান্য বিধিবদ্ধ পর্ষদের সভাসমূহ ডাকার ব্যাপারেও বর্তমান উপাচার্যের চরম অনীহা লক্ষ্য করা গেছে।

### কাল সিন্ডিকেট সভা

আগামী বুধবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সিন্ডিকেটের একটি গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হবে। এতে নিয়োগ ও পদোন্নতি ব্যাপারে কিছু সিদ্ধান্ত হতে পারে বলে জানা গেছে।